তাবিজাত

প্রথম ভাগ

বঙ্গের আউলিয়াকুল শ্রেষ্ঠ শাইখুল মিল্লাতে অদ্দিন,
ইমামুল হুদা, হাদিয়ে জামান, সু- প্রসিদ্ধ পীর, শাহ
সুফী আলহাজ্জ্ব হজরত মাওলানা—

মোহাম্মদ আবুবকর সিদ্দিকী (রহঃ)

কর্ত্তৃক অনুমোদিত

জেলা উত্তর ২৪ পরগণা, বশিরহাট মাওলানাবাগ
নিবাসী- খ্যাতনামা পীর, মুহাদ্দিছ, মুফাচ্ছির, মুবাল্লিগ,
মুবাহিছ, ফকিহ, শাহসুফী আলহাজ্জ্ব হজরত
আল্লামা—

মোহাম্মদ রুহল আমিন (রহঃ)

কর্ত্তৃক প্রণীত ও তদীয় পৌত্র

পীরজাদা মোহাম্মদ শরফুল আমিন

কর্ত্তৃক

বশিরহাট "নবনূর প্রেস ও কম্পিউটার" হইতে মুদ্রিত
ও প্রকাশিত।

(ষষ্ঠ দশ মূদ্রণ সন ১৪২২)

মূল্য- ৩০ (ত্রিশ) টাকা মাত্র।

সূচীপত্র

সূচীপত্র

সূচীপত্র

بسم الله الرحمن الرحيم

الحمد لله رب العلمين والصلوة والسلام على رسوله
سيدنا محمد واله وصحبه اجمعين

ফুরফুরার জনাব পীর ছাহেব কেবলা (রহঃ) ও
অন্যান্য পীরগণের পরীক্ষিত

তাবিজাত

প্রথম ভাগ

আমাদের দেশের অনেক লোক সর্প, দংশন, জ্বেন, দৈত্যের উপদ্রপ, কলেরা, বসন্ত, জাদুর, ক্রিয়া, মৃতবৎসা, স্বপ্নদোষ, স্বপ্নে ভয় পাওয়া ইত্যাদি তদ্‌বীর করিতে শেরক ও কাফেরীমূলক মন্ত্রপাঠ বা ঐরূপ মন্ত্র পাঠকারীদিগের আশ্রয় গ্রহণ করিয়া থাকে। ইহাতে ইহাদের ঈমান নষ্ট হইয়া যায়। এই জন্য এই তাবিজের কেতাব কয়েকখণ্ডে প্রকাশ করা হইল। ফুরফুরার জনাব হজরত শায়খোল মিল্লাতে -অদ্দীন এমামোল- হোদা, হাদিয়ে জামান জনাব পীর ছাহেব কেবলা, হজরত মাওলানা শাহ অলিউল্লাহ ছাহেব, হজরত মাওলানা শাহ আব্দুল আজিজ ছাহেব, এমাম জালালুদ্দিন ছিউতি, হজরত শাহ আবদুর রহিম ছাহেব দেহলবী প্রভৃতি বড় বড় পীর বোজর্গের পরীক্ষিত তাবিজগুলি এই কেতাবের কয়েক খণ্ডে লিখিত হইল।

হজরত বলিয়াছেন—

من حلف بغير الله فقد اشرك

"যে ব্যক্তি আল্লাহ ব্যতিত অন্যের দোহাই দিবে, সত্যই সে ব্যক্তি শের্‌ক করিল।"

আরও তিনি বলিয়াছেন—"তোমরা তোমাদের পিতৃমাতৃগণের এবং প্রতিমাদিগের(দেবতাগণের) হলফ করিও না।" মেশকাত ২৯৬ পৃষ্ঠা।

হজরত আওফ (রাঃ) বলিয়াছেন, আমরা জাহিলিয়াতের জামানায় মন্ত্র পাঠ করিতাম, এই জন্য (হজরতকে) বলিলাম, ইয়া রাছুলুল্লাহ, আপনি এ সম্বন্ধে কি বিবেচনা করেন? তদুত্তরে তিনি বলিলেন, তোমরা আমার নিকট তোমাদের মন্ত্রগুলি পেশ কর, যদি উহাতে শের্‌ক না থাকে তবে কোন দোষ হইবে না।

মেশকাত ৩৮৮ পৃষ্ঠা।

১। বিপদ আপদ হইতে নিরাপদে থাকিবার তদ্‌বীর

১। যে ব্যক্তি নিম্নোক্ত দোয়াটি ফজর ও মগরেবের ওয়াক্তে তিন তিনবার পড়িবে আল্লাহ তাহাকে প্রত্যেক বিপদ হইতে নিরাপদে রাখিবেন।

بِسْمِ اللّٰهِ اَللّٰهُمَّ اَنْتَ رَبِّىْ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ عَلَيْكَ تَوَكَّلْتُ وَ اَنْتَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ☆ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِىِّ الْعَظِيْمِ ☆ مَا شَاءَ اللّٰهُ كَانَ وَمَا لَمْ يَشَاءَ لَمْ يَكُنْ ☆ اَشْهَدُ اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ☆ وَاَنَّ اللّٰهَ قَدْ اَحَاطَ بِكُلِّ شَىْءٍ عِلْمًا وَّ اَحْصٰى كُلَّ شَىْءٍ عَدَدًا ☆ اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنْ شَرِّ نَفْسِىْ وَ مِنْ شَرِّ كُلِّ دَآبَّةٍ اَنْتَ اٰخِذٌبِنَا صِيَتِهَا ج اِنَّ رَبِّىْ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ وَاَنْتَ عَلٰى كُلِّ شَىْءٍ حَفِيْظٌ ☆ اِنَّ وَلِيِّىَ اللّٰهُ الَّذِىْ نَزَّلَ الْكِتَابَ وَ هُوَ يَتَوَلَّى الصّٰلِحِيْنَ ☆ فَاِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِىَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا هُوَ ج عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ☆

"বিছমিল্লাহে আল্লাহোম্মা আন্তা রাব্বি লা-এলাহা ইল্লা আন্তা

আলায়কাতাওয়ক্কালতো অ-আন্ত রাব্বোল আরশিল আজিম ط। অলা- হাওলা অলাকুওয়াতা ইল্লা বিল্লাহেল আ'লিয়েল আজিম ط। মাশায়াল্লাহ কানা অমালাম ইশায়া লাম ইয়াকুন। আশহাদো আন্নাল্লাহা আ'লা কুল্লে শাইয়েন কাদির, অ-আন্নাল্লাহা কাদ আহাতা বেকুল্লে শাইয়েন এলমাও অ-আহছা কুল্লা শাইয়েন আদাদা। আল্লাহোম্মা ইন্নি আউজোবেকা মেন শার্রে নাফছি অ-মেন শার্রে কুল্লে দাব্বাতেন আন্তা আখেজোম বেনাছিয়াতেহা ইন্না রাব্বি আ'লা ছেরাতেম মোস্তাকিমে, ও অ-আন্তা আ'লা কুল্লে শাইয়েন হাফিজ ط। ইন্না অলিয়ইয়াল্লোহোল্লাজি নাজ্জালাল কেতাবা অহুয়া ইয়া তাওয়াল্লাছ ছালেহিন। ফাএন তাওয়াল্লাও ফাকোল হাছবিয়াল্লাহো লা এলাহা ইল্লাহু, আলায়হে তাওয়াক্কালতো অহুয়া রাব্বোল আরশেল আজিম ط।

২। জ্বেন দৈত্যের উপদ্রব হইতে নিরাপদে থাকিবার তদ্‌বীর

নিমোক্ত দোওয়া ফজর ও মগরেবে তিন তিনবার পড়িবে।

اَعُوْذُ بِوَجْهِ اللّٰهِ الْكَرِيْمِ وَ بِكَلِمَاتِهِ التَّامَّةِ الَّتِىْ لَا يُجَاوِزُ هُنَّ بَرٌّوَّلَا فَاجِرٌ مِّنْ شَرِّ مَا يَنْزِلُ مِنَ السَّمَآءِ وَ مِنْ شَرِّمَا يَعْرُجُ فِيْهَاوَ مِنْ شَرِّمَا نَزَلَ اِلَى الْاَرْضِ وَمِنْ شَرِّمَا يَخْرُجُ مِنْهَا وَ مِنْ شَرِّ فِتَنِ اللَّيْلِ وَ النَّهَارِ وَ مِنْ شَرِّطَوَارِقِ اللَّيْلِ وَ النَّهَارِ اِلَّا طَارِقًا يَّطْرُقُ بِخَيْرٍ يَا رَحْمٰنُ ☆

"আউজো বে-অজহেল্লাহেল কারিমে অ-বেকালেমাতে হেত্তাম্মাতোল্লাতি লা- ইয়োজাবেজো হোন্না বার্রেও অলা ফাজেরোম মেন শার্রে মায়ানজেলো মিনাছ ছামায়ে, অমেন শার্রে মা ইয়া'রোজো ফিহা অ-মেন শার্রে মা নাজালা এলাল আরদে অমেন শার্রে মাইয়াখরোজো মেনহা অ-মেন শার্রে ফেতানেল্লাইলে আন্নাহারে অ-মেন শার্রে তাওয়ারেকেল্লাইলে অন্নাহারে ইল্লা তারেকা ইয়াৎরোকা বেখায়রেন ইয়া রাহমানো।

হজরত নবী (ছাঃ) যে সময় মে'রাজে গমণ করিতেছিলেন, সেই সময় একটি দৈত্য অগ্নিস্ফুলিঙ্গ সহ তাঁহার পশ্চাদ্ধাবিত হইতেছিল। ইহাতে হজরত জিব্রাইল (আঃ) তাঁহাকে উক্ত দোওয়া শিক্ষা দেন, উহা পাঠ করা মাত্র সেই অগ্নিস্ফুলিঙ্গ নির্ব্বাপিতা হইয়া যায় এবং দৈত্যটি অধোমস্তকে ভূপতিত হইয়া যায়।

৩। প্রত্যেক বালা হইতে রক্ষা পাওয়ার তদ্‌বীর

(١) بِسْمِ اللّٰهِ الَّذِىْ لَا يَضُرُّ مَعَ اسْمِهٖ شَىْءٌ فِى الْاَرْضِ وَلَا فِى السَّمَاءِ وَ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ☆

১। "বিছমিল্লাহেল্লাজি লাইয়াদোর্রো মায়'ছমেহি শাইয়োন ফিল আরদে ض অলাফেছ্ ছামায়ে অহুঅছ ছামিয়োল অলিম।"

রাব্বি ওছমান (রাঃ) বলিয়াছেন- আমি হজরতের নিকট শুনিয়াছি' যে ব্যক্তি তিনবার ফজরে এই দোওয়া পড়িবে, সন্ধ্যা পর্য্যন্ত বালা হইতে নিরাপদে থাকিবে, আর মগরেবে তিনবার পড়িলে ফজর অবধি নিরাপদে থাকিবে। ওছমানের পুত্র আবান নিয়মিতরূপে এই দোওয়া পড়িতেন, কিন্তু তাঁহার পক্ষাঘাত রোগ হইয়া যায়। একজন লোক ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলিয়াছিলেন, এক দিবস আমি ইহা পড়ি নাই, সেই দিবস এই পীড়ায় আক্রান্ত হইয়াছিলাম।

(٢) يَا حَافِظُ يَا حَفِيْظُ يَا نَاصِرُ يَا نَصِيْرُ يَا رَقِيْبُ يَا وَكِيْلُ يَا اَللّٰهُ صَبْرَصًا اَبْرَصًا سَعْرَصًا حِصَارٌ حَتَّى السَّمَآءِ وَ الْاَرْضِ فَاللّٰهُ خَيْرٌ حَافِظًا وَّ هُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ اَللّٰهُمَّ اَنْتَ الْاَمَانَ وَ اَنَا الْخَائِفُ فَمَنْ يَّدْعُ الْخَائِفُ اِلَّا الْاَمَانَ اَللّٰهُ الشَّافِىْ اَللّٰهُ الْكَافِىْ ☆

২। "ইয়া হাফেজো, ইয়া হাফিজো, ইয়া নাছেরো, ইয়া নাছিরো, ইয়া রাকিবো, ইয়া অকিলো, ইয়া আল্লাহ, ছাবরাছান আবরাছান, ছা'রাছান, হেছারোন হাত্তাছ ছামায়ে অল আরদে ض ফাল্লাহো খায়রোন হফেজা'ও অহুওয়া আরহামোর

রাহেমিন আল্লাহুম্মা আন্তাল আমানো, অ-আনাল খায়েফো ফামাই ইয়াদেয়োল খাএফো ইল্লাল আমানা, আল্লাহোশ শাফী, আল্লাহোল কাফী।''

ফজর ও মগরেবে তিনবার পড়িয়া শরীরে ফুক দিবে।

(٣) سَلَامٌ قَوْلًا مِّنْ رَّبٍّ الرَّحِيْمِ ☆ سَلَامٌ عَلٰى نُوْحٍ فِي الْعٰلَمِيْنَ ☆ سَلَامٌ عَلٰى اِبْرَاهِيْمَ ☆ سَلَامٌ عَلٰى مُوْسٰي وَهَارُوْنَ ☆ سَلَامٌ عَلٰي اِلْيَاسِيْنَ ☆ سَلَامٌ عَلَيْكُمْ طِبْتُمْ فَادْخُلُوْهَا خَالِدِيْنَ ☆ سَلَامٌ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ☆ كٓهٰيٰعٓصٓ حٰمٓ عٓسٓقٓ

৩। "ছালামোন কাওলাম মেররাব্বের রাহিম। ছালামোন আ'লা নুহেন ফেল আলা'মিন, ছালামোন আ'লা এবরাহিম ছালামোন আ'লা মুছা অ-হারুণ ছালামোন আ'লা এলইয়াছিন। ছালামোন আলায়কুম তেবতোম ফাদখুলুহা খালেদিন। ছালামোন হিয়া হাত্তা মাৎলায়েল ফাজরে। কাফ, হা, ইয়া আএন, ছাদ, হা, মিম, আএন, ছিন, কাফ।

উপরোক্ত দোওয়া ফজর মগরেবে তিন তিনবার পড়িয়া দুই হাতের তালুতে ফুক দিয়া সমস্ত শরীর মাছাহ করিলে,জ্বেন, ভূত, ব্যাঘ্র, ভাল্লুক ইত্যাদি যাবতীয় ক্ষতিকর বিষয়ের আক্রমণ ও আছমানি বিপদ আপদ হইতে নিরাপদে থাকিবে।

৪। কুকুরের আক্রমণ হইতে রক্ষা পাওয়ার তদ্‌বীর

(١) كَلْبُهُمْ بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيْدِ

১। "কালবোহোম বাছতোন জেরায়'হে বেন অছিদ।"

(٢) اِنَّهُمْ يَكِيْدُوْنَ كَيْدًا وَّ اَكِيْدُ كَيْدًا فَمَهِّلِ الْكٰفِرِيْنَ اَمْهِلْهُمْ رُوَيْدًا ☆

২। ইন্নাহুম ইয়াকিদুনা কায়দাও অ-আকিদো কায়দা, ফামাহ্‌হেলেল কাফেরিনা আমহেলহুম রোওয়ায়দা।”

উপরোক্ত দুইটি দোওয়ার কোন একটি তিনবার পড়িয়া কুকুরের দিকে ফুক দিবে।

৫। ব্যাঘ্র, ভল্লুক, সর্প ও বৃশ্চিক হইতে রক্ষা পাওয়ার তদ্‌বীর

☆ اَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّةِ كُلِّهَا مِنْ شَرِّ مَا خَلَقَ

“আউজো বেকালেমাতিল্লাহেত্তাম্মাতে কুল্লেহা মিন শাররে মা খালাকা। ফজর ও মগরেবে তিন তিনবার পড়িবে। জনাব নবী করিম (ছাঃ) বিদেশ ভ্রমণ কালে প্রত্যেক মঞ্জেলে নামিয়া উহা পড়িতেন। যতক্ষণ মঞ্জেল ত্যাগ করা না হইবে, ততক্ষণ কোন হিংস্র জন্তু উহা পাঠকারীর ক্ষতি করিতে পারিবে না। বৃশ্চিক দংশন করিলে, কয়েকবার উহা পড়িয়া ফুক দিলে উহার বিষ নষ্ট হইয়া যাইবে।

৬। সর্প দংশন হইতে রক্ষা পাওয়ার তদ্‌বীর

☆ سَلَامٌ عَلٰى نُوْحٍ فِى الْعٰلَمِيْنَ

“ছালামোন আলা নূহেন ফেল আ'লামিন।”

কেহ ফজর ও মগরেবে তিনবার পড়িলে, তাহাকে সর্প দংশন করিবে না।

৭। ব্যাঘ্র, ভল্লুক, ও জাদু হইতে রক্ষা পাওয়ার তদ্‌বীর

اَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّآمَّةِ الَّتِىْ لَا يُجَاوِذُ هُنَّ بَرٌّ وَّ لَا فَاجِرٌ

وَاَعُوْذُ بِوَجْهِ اللّٰهِ الْعَظِيْمِ الْجَلِيْلِ الَّذِىْ لَا يُحْتَقَرُ جَارُهٗ الَّذِىْ

يَمْسِكُ السَّمَآءَ اَنْ تَقَعَ عَلَى الْاَرْضِ اِلَّا بِاِذْنِهٖ مِنْ شَرِّ التَّآمَّةِ وَ

الْهَآمَّةِ مِنْ شَرِّ مَا ذَرَاَ فِى الْاَرْضِ مِنْ شَرِّ مَا يَخْرُجُ مِنْهَا مِنْ شَرِّ مَا يَنْزِلُ

"আউজো বেকালেমাতিল্লাহেত্তাম্মাতিল্লাতি লাইয়োজাবেজোহোন্না বাররোঁও অলা ফাজেরোন' অ-আউজো বে- অজাহিল্লাহেল আজিমেল জালিলেল্লাহি লা ইয়োহ তাকারো জারুহ আল্লাজি ইয়ামছেকোছ ছামায়া আন তাকায়া আলাল আরদে ض ইল্লা বে-এজনেহি মেন শাররেত্তাম্মাতে অল হাম্মাতে, মেন শাররে মাছায়ারা ফিল অরদে মেন শাররে মা- ইয়াখরোজো মেনহা মেন শাররে মাইয়ানজেলো মেনাছ ছামায়ে অমা-ইয়া'রে'জো ফিহা মিন শাররে মা'জারায়া' অমেন শাররে কুল্লে দাব্বাতিম আন্তা আখেজোম বেনাছিয়াতেহা, ইন্না রাব্বি আলা ছেরাতিম মোস্তাকিম।

ফজর ও মগরেবে তিন তিনবার পড়িবে, আর উহা তাবিজ করিয়া লিখিয়া দিলেও জাদু ও হিংস্র জন্তুর উপদ্রব হইতে নিরাপদে থাকিবে।

৮। চোর দস্যুর উপদ্রব হইতে রক্ষা পাওয়ার তদ্‌বীর

عَقَدْتُ لِسَانَ الْحَيَّةِ وَ الْعَقْرَبِ وَ يَدَا السَّا رِقِ بِحُرْمَةِ اَشْهَدُ اَنَّ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَ اَنَّ مُحَمَّدًا عَبْدُه' وَ رَسُوْلُه' ☆

"আকাত্তো লেছানাল হাইয়াতে আল আকরাবে, অইয়াদাছছারেকে বেহোরমাতে আশহাদো আল্লা এলাহা ইল্লাল্লাহো অ-আন্না মোহাম্মাদান আবদুহু অরাছুলোহু।

উক্ত দোওয়া ফজর ও মগরেবে তিন তিনবার পড়িবে।

৯। কলেরা বসন্ত ইত্যাদি সংক্রামক পীড়া দেখিয়া পড়িবার দোওয়া

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ عَافَانِىْ مِمَّا ابْتَلَاكَ بِهٖ وَ فَضَّلَنِىْ عَلٰى كَثِيْرٍ مِّمَّنْ خَلَقَ بِهٖ تَفْضِيْلًا ☆

"আলহামদো লিল্লাহিল্লাজি আ'ফানি মেম্মাব-তালাকা বিহি অফাদ্দালানি আলা কাছিরোন মেম্মান খালাকা বিহি তাফদিলা ض ।

যে ব্যক্তি কলেরা, বসন্ত, ইত্যাদি আক্রান্ত কোন লোককে দেখিয়া উপরোক্ত দোওয়া পড়িবে, আল্লাহতায়ালা তাহাকে উক্ত পীড়া হইতে বাঁচাইয়া রাখিবেন।

১০। ভয়াবহ স্বপ্ন হইতে রক্ষা পাওয়ার উপায়

اَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّةِ مِنْ غَضَبِهٖ وَ عِقَابِهٖ وَشَرِّ عِبَادِهٖ وَ مِنْ هَمَزَاةِ الشَّيَاطِيْنِ وَ اَنْ يَّحْضُرُوْنَ ☆

১। "আউজো বেকালেমাতেল্লাহেত্তাম্মাতে মেন গাদাবিহি, অ-একাবেহি, অশাররে এবাদেহি অ মেন হামাজাতেশ শায়াতিনে, অ আই ইয়াহ দোরুন ض ।

শয়নকালে উহা তিনবার পড়িবে, আর যে পড়িতে না পারে, উক্ত দোওয়া লিখিয়া তাবিজ করিয়া তাহার গলায় বাঁধিয়া দিবে।

২। বিছানায় শুইয়া আয়তুল কুরছি, ছুরা ফাতেহা ছুরা এখলাছ, ছুরা নাছ ও ছুরা ফালাক প্রত্যেকটি তিন তিনবার পড়িয়া দুই হস্তে ফুক দিয়া সমস্ত শরীরে মাছাহ করিবে।

উপরোক্ত দোওয়া কাগজে লিখিয়া তাবিজ করিয়া বালকদের গলায় বাঁধিবে।

১১। বালকদিগের জ্বেন, ভুত বদনজর হইতে রক্ষা পাইবার উপায়

اَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّةِ مِنْ شَرِّ كُلِّ شَيْطَانٍ وَ هَامَّةٍ وَعَيْنٍ لَّامَّةٍ تَحَصَّنْتُ بِحِصْنِ اَلْفٍ اَلْفٍ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ ☆

১২। অগ্নিদাহ চুরি ও নদীতে ডুবিয়া যাওয়া হইতে রক্ষা পাওয়ার উপায়

উপরোক্ত দোওয়া কাগজে লিখিয়া তাবিজ করিয়া বালকদের গলায় বাঁধিয়া দিবে।

اِلٰهِىْ بِحُرْمَةِ يَمْلِيْخَا مَكْسَلْمِيْنَا كَشْفُوْطَطْ اَذَرْ فَطْيُوْنُسْ كَشَا فَطْيُوْنُسْ تَبْيُوْنُسْ يُوَانِسْ بُوْسْ كَلْبُهُمْ قِطْمِيْرٌ وَّ عَلَى اللّٰهِ قَصْدُ السَّبِيْلِ وَ مِنْهَا جَائِرٌ ☆

এই তাবিজ লিখিয়া ঘরে ও নৌকায় রাখিলে, উপরোক্ত বিপদগুলি হইতে রক্ষা পাইবে। ইহাতে আছহাবে-কাহাফের নামগুলি লিখিত হইয়াছে।

১৩। নৌকা, রেল, মোটক ইত্যাদির উপর আরোহণ কালের দোয়া

بِسْمِ اللّٰهِ مَجْرٖهَا وَ مُرْسٰهَا اِنَّ رَبِّىْ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ☆

"বিছমিল্লাহে মাজরেহা অ-মুরছাহা ইয়া রাব্বি লাগাফুরোর রহিম।"

এই দোওয়া পড়িয়া আরোহণ করিলে নিরাপদে থাকিবে। হজরত নূহ (আঃ) জাহাজে উক্ত দোওয়া পড়িয়া তুফান হইতে রক্ষা পাইয়াছিলেন।

১৪। রুজিতে বরকত হওয়ার তদ্‌বীর

(١) اَللّٰهُ لَطِيْفٌ بِعِبَادِهٖ يَرْزُقُ مَنْ يَّشَآءُ وَ هُوَ الْقَوِىُّ الْعَزِيْزُ ☆

১। আল্লাহো লাতিফোন বে-এবাদেহি ইয়ারজোকো মাইয়াশায়ো অহুওয়াল কাবিওল আজিজ।

দৈনিক হাজার বার পড়িবে, অভাব পক্ষে ১০১ বার করিয়া পড়িবে।

(٢) اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ عَبْدِكَ وَ رَسُوْلِكَ وَ عَلَى الْمُؤْمِنِيْنَ وَ الْمُؤْمِنَاتِ وَ عَلَى الْمُسْلِمِيْنَ وَ الْمُسْلِمَاتِ ☆

২। আল্লাহোম্মা ছাল্লে আলা ছাইয়েদেনা মোহাম্মাদেন আবদেকা অ-রাছুলেকা অ-আলাল মো' মেনিনা, অল মো'মেনাতে অ-আলাল মোছলেমিনা অল-মোছলেমাতে।

এই দরূদটি খুব বেশি পরিমাণ পড়িলে রুজিতে বরকত হয়।

(৩) প্রত্যেক দিবস ১১ শতবার "ইয়া মুগনি" ও দৈনিক ১১ বার ছুরা মোজাম্মেল পড়িলে রুজিতে বরকত হয়।

১৫। কর্জ্জ আদায়ের দোওয়া

(١) اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنَ الْهَمِّ وَ الْحُزْنِ وَ اَعُوْذُبِكَ مِنَ

الْعَجْزِ وَ الْكَسْلِ وَ اَعُوْذُبِكَ مِنَ الْجُبْنِ وَ الْبُخْلِ وَ اَعُوْذُبِكَ مِنْ غَلَبَةِ الدَّيْنِ وَ قَهْرِ الرِّجَالِ ☆

১। আল্লাহোম্মা ইন্নি আউজো বেকা মেনাল হাম্মে অল-হোজনে অ-আউজো বেকা মেনাল আজজে অল-কাছলে অ-আউজো বেকা মেনাল জোবনে অল-বোখলে, অ-আউজো বেকা মেন গালাবা-তেদ্দিয়নে অ-কাহরের রেজাল।

উপরোক্ত দোওয়া দৈনিক অধিক পরিমাণ পাঠ করিবে, খোদাতায়ালার মর্জ্জিতে কর্জ্জ আদায় হইয়া যাইবে।

(٢) اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَ اَغْنِنِى بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ ☆

২। "আল্লাহোম্মা আকফেনি বেহালালেকা আন হারামেকা অ-আগনেনি বেফাদলেকা ض আম্মান ছেওয়াকা।"

এই দোয়া বেশী পরীক্ষা অধিক দিবস নিয়মিত রূপ পঠন করিবেন, সম্পূর্ণ পরিশোধ হইয়া যাইবে।

১৬। দোকানে বেশি বস্তু বিক্রয় হওয়ার তদ্‌বীর

ان الله اشتري من المؤمنين انفسهم و اموا لهم بان لهم الجنة۔ يقاتلون فى سبيل الله فيقتلون و يقتلون۔ وعدا عليه حقا فى التورة و الا نجيل و القران ۔ ومن اوفى بعهده من الله فا ستبشروا ببيعكم الذي بايعتم به۔ و ذالك هو الفوز العظيم ☆

এই দোওয়া লিখিয়া দোকানে রাখিয়া দিবে।

১৭। যে স্ত্রীলোকের সন্তান পেটে নষ্ট হইয়া যায় তাহার তদ্‌বীর

১। নিমোক্ত তাবিজ লিখিয়া তাহার ডাহিন হাতে বাঁধিয়া দিবে

بسم اللّٰہ الرحمن الرحیم

غفور رحیم	ان اللّٰه	استغفر الله
انه استمع	الى	قل اوحى
لا يحب اللّٰه الجهر	من الجن	نفر

২। নিম্নোক্ত তাবিজ গলায় বাঁধিয়া দিবে -

اعوذ بكلمات اللّٰه التامة من شر كل شيطان و هامة و عين لامة تحصنت بحصن الف الف لا حول و لا قوة الا با للّٰه العلى العظيم☆

৩। নিম্নোক্ত তাবিজ কোমরে বাঁধিয়া দিবে -

هو الذى انزل من السماء ماء لكم منه شراب و منه شجر فيه تسيمون☆

৪। নিম্নোক্ত তাবিজ বক্ষস্থলের উপর রাখিবে। -

لا اله الا اللّٰه خالصامخلصا - لا اله الا اللّٰه صادقا مصدقا - لا اله الا اللّٰه حقاحقا - لا اله الا اللّٰه ابدا ابدا لا اله الا اللّٰه محمد

وسول الله و صلى الله على خير خلقه محمد و اله اجمعين برحمتك يا ارحم الراحمين ☆

৫। উক্ত স্ত্রীলোকের পা হইতে মস্তকের কেশ উৎপত্তি স্থল পরিমাণ লম্বা কয়েক তার কুসুম রংএর সুতা লইবে এবং ছুরা কাফেরুন ও নিমোক্ত আয়াতটি এক একবার পড়িয়া উহাতে ফুক দিয়া ৯টি গিরা দিবে, এইরূপ ৯বার পড়িয়া ৯টি গিরা দিয়া উক্ত সুতাটি সন্তান প্রসবকাল অবধি কোমরে বাঁধিয়া রাখিবে, সন্তান হইলে খুলিয়া ফেলিবে।

আয়াতটি এই, -

وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِىْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ - اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ ☆

"অছবের অ-মাছাবরোকা ইল্লাবিল্লাহে, অলা-তাহজান আলায়হেম অলা তাকো ফি দায়কেম মিম্মা ইয়ামকুরুনা, ইন্নাল্লাহা মায়াল্লাজিনাত্তাকাও অল্লাজিনাহুম মোহছেনুনা।

৬। উপরোক্ত পরিমাণ লম্বা নীল সুতা লইয়া ছুরা রহমান পড়িয়া প্রত্যেক বার-

فَبِاَىِّ اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ☆

"ফাবে আইয়ে আলায়ে রাব্বেকুমা তুকাজ্জেবান" পাঠ করিয়া উহাতে ফুক দিয়া একটি গিরা দিবে। তৎপরে সমস্ত ছুরা পড়িয়া একটি গিরা দিয়া ফুক দিবে। এবং উক্ত সুতাটি তাহার কোমরে সন্তান প্রসব অবধি বাঁধিয়া রাখিবে।

১৮। যে স্ত্রীলোকের সন্তান কিছু দিবস জীবিত থাকিয়া মরিয়া যায় তাহার সন্তান বাঁচিয়া থাকার তদ্‌বীর

১। সোমবারে দ্বি-প্রহরের সময় ৪০ বার ছুরা অশ্‌শামছে' পাঠ করিয়া কয়েক সের জোয়ান ও গোলমরিচের উপর ফুক দিবে প্রত্যেকবার উক্ত ছুরা পাঠ করার প্রথমে ও শেষে দরুদ শরীফ পড়িয়া ফুক দিবে। উক্ত স্ত্রালোকটি গর্ভ সঞ্চয়ের সময় হইতে সন্তানের দুধ পান পরিত্যাগ না করা পর্য্যন্ত প্রত্যেক দিবস কিছু কিছু উক্ত জোয়ান ও গোলমরিচ খাইতে থাকিবে, ইহাতে খোদার ফজলে তাহার সন্তান জীবিত থাকিবে।

২। নিম্নোক্ত দোওয়াটি লিখিয়া তাবিজ করিয়া স্ত্রীলোকটির গলায় বাঁধিয়া দিবে।

والسمآء وا لطارق ۷ و مآ ادرٰک ما الطارق ۷ النجم الثاقب ۷

ان کل نفس لما علیها حافظ ط فلینظر الا نسان مم خلق ط خلق

من ماء دافق ۷ فا لله خیر حافظا و هو ارحم الرحمین ☆

আর যদি স্ত্রীলোকটির কোন জ্বেন দৈত্যের আছর থাকে, তবে এই তদ্‌বীরসহ ইতিপূর্ব্বের লিখিত ৫নম্বর তাবিজ তাহাকে ব্যবহার করিতে দিবে এবং তৈল পানি পড়িয়াও তাহাকে ব্যবহার করিতে দিবে।

১৯। যে স্ত্রীলোকের কেবল কন্যা হয় পুত্র জন্মগ্রহণ করে না তাহার তদ্‌বীর

১। তাহার গর্ভ তিন মাস অতীত না হওয়ার পূর্বে হরিণের পাতলা চামড়ার উপর নিম্নোক্ত কয়েকটি দোওয়া গোলাপ ও জা'ফরাণ দ্বারা লিখিত তাবিজ করিয়া গলায় বা হস্তে ধারণ করিতে দিবে।

الله يعلم ما تحمل كل انثى و ما تغيض الارحام و ما تزداد ط

و كل شيء عنده بمقدار- عالم الغيب و الشهادة الكبير المتعال ☆

يا زكريا انا نبشرك بغلام اسمه يحيى صالحا طويل العمر بحق

محمد واله ☆

২। স্ত্রীলোকের পেটে ৭০ বার অঙ্গুলি দ্বারা নিম্নোক্ত প্রকার গোলাকার বৃত্ত (দাএরা) টানিবে, দায়রা টানা কালে প্রত্যেক বারে يامتين ইয়া মাতিনো' পড়িবে ইহাতে পুত্র সন্তান জন্মিবে।

গোলাকার বৃত্তটি এই

২০। বন্ধ্যা (বাঁজা) স্ত্রীলোকের সন্তান হওয়ার তদ্‌বীর

১। নিম্নোক্ত আয়াতটি হরিণের পাতলা চামড়ায় গোলাপ জাফরাণ দ্বারা লিখিয়া তাঁহার গলায় বাঁধিবে।

و لو ان قرانا سيرت به الجبال او قطعت به الارض او كلم

به الموتى ط بل لله الامر جميعا ط

২। ৪০ টি লবঙ্গ প্রত্যেকটির উপর সাত সাত বার নিমোক্ত আয়াত পড়িয়া ফুক দিবে। স্ত্রীলোকটির হায়েজ বন্ধ হওয়ার পর হইতে রাত্রিতে শয়নের সময়ে উহার এক একটি খাইবে, কিন্তু লবঙ্গ খাওয়ার পরে পানি পান করিবে না। এইরূপ ৪০ রাত্রি খাইবে এবং উক্ত রাত্রিসমূহে স্বামী সঙ্গম করিবে।

اَوْ كَظُلُمٰتٍ فِىْ بَحْرٍ لُّجِّيٍّ يَّغْشٰهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ط ظُلُمَاتٌ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ ط اِذَآ اَخْرَجَ يَدَهٗ لَمْ يَكَدْ يَرٰهَا ط وَمَنْ لَّمْ يَجْعَلِ اللّٰهُ لَهٗ نُوْرًا فَمَا لَهٗ مِنْ نُّوْرٍ ع

আওকাজোলোমাতেন ফি বাহারেললুজ্জিয়্যিঁই ইয়াগশাহো মাওজোম মেন ফাওকিহি মাওজোম মেন ফাওকিহি ছাহাব, জোলোমাতোম বা'দোহা ض ফাওকা বা'দ ض ইজা আখরাজা ইয়াদাহু লাম ইয়াকাদ ইয়ারাহা অমাল্লাম ইয়াজয়া লেল্লাহো লাহু নুরান ফামালাহু মেন নূর।

যদি উক্ত স্ত্রীলোকের উপর জ্বেন ভূতের আছর থাকে, তবে এই তদ্‌বীরের পূর্ব্বে উক্ত বিষয়ের তদ্‌বীর করিয়া লইবে, আর যদি বাধকের রোগের জন্য তাহার সন্তান না হয়, তবে নিমোক্ত তদ্‌বীর করিবে, পরে ২০ নম্বর তদ্‌বীর করিবে।

(১) ছাতিমের ছাল আধ ভরি। (২) জোয়ান চারি আনা ওজন। (৩) কর্পূর তিন আনা ওজন ।(৪) জৈত্রী তিন আনা ওজন। (৫) তিনটি জবা ফুল। এই ৫টি বস্তু চূর্ণ করতঃ একত্রিত করিয়া ৯ভাগে বিভক্ত ও ৯টি বটীকা করিবে। হায়েজে হওয়া কালে কিম্বা হায়েজ পেট বেদনা আরম্ভ হইলে, এক একটি বটিকা কাঁচা দুগ্ধের সহিত সেবন করিবে, ঔষধ সেবনের পর ১ তোলা মাখন খাইবে, এইরূপ ৯ দিবস করিবে। এক মাসে পূর্ণ আরোগ্য না হইলে ২/৩ মাস ব্যবহার করিবে ।

২১। নারীগণের প্রসবকালে কষ্ট দূর করার উপায়

১। নিম্নোক্ত দোওয়াটি কাগজে লিখিয়া পাক কাপড়ে জড়াইয়া তাহার বাম জানুতে বাঁধিয়া দিবে তৎক্ষণাৎ সন্তান প্রসব হইয়া গেলে উহা খুলিয়া পানিতে ফেলিয়া দিবে।

اَلْقَتْ مَا فِيْهَا وَ تَخَلَّتْ لا وَ اَذِنَتْ لِرَبِّهَاوَحُقَّتْ ط اَهْيًا اَشْرَاهِيًا ☆

২। নিম্নোক্ত কথাগুলি লিখিয়া ঐরূপ ডাহিন জানুতে বাঁধিয়া দিবে

من جا يافتم وخر من جا يافت☆ تو خواهى بزاي و تو خواهي مزاى ☆

৩। দোওয়া গঞ্জল আরস পড়িয়া পানি ও তৈলে ফুক দিয়া পানি পান করাইবে ও তৈল পেটে মালিশ করিবে।

২২। ব্যাঘ্র ভল্লুক বন্ধ করার তদ্‌বীর

১। নিম্নোক্ত দোওয়া কয়েকবার পড়িতে পড়িতে একখানা ছড়ি দিয়া নিজের চারিদিকে রেখা টানিয়া দিবে, সেই রেখার মধ্যে ব্যাঘ্র ভল্লুক ইত্যাদি কোন হিংস্র জন্তু প্রবেশ করিতে পারিবে না।

اِنَّهُمْ يَكِيْدُوْنَ كَيْدًا ۙ وَّ اَكِيْدُ كَيْدًا ۚ فَمَهِّلِ الْكٰفِرِيْنَ اَمْهِلْهُمْ رُوَيْدًا ۚ

"ইন্নাহুম ইয়াকিদুনা কায়দাও অ-আকিদো কয়েদা, ফামাহ হিলেল কাফিরিনা আম হিলহোম রোওয়ায়দ।"

২। ব্যাঘ্র ভল্লুক আসিতে দেখিলে, নিমোক্ত আয়াত পাঠ করিবে, ইহাতে উহাদের চক্ষু বন্ধ হইয়া যাইবে।

وَتَرَى الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدَةً وَّهِيَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ؕ

"অ-তারাল জেবালো তাহছাবোহা জামেদাতাঁও অহিয়া তামোরো মাররাছ ছাহাব।"

২৩। প্লীহার তদ্‌বীর

১। নিম্নোক্ত আয়াত পড়িয়া একখানা ছুরির উপর ফুক দিয়া একটি বড় লেবুর এক দিকে কাটিবে, এইরূপ সাতবার পড়িয়া সাত দিকে কাটিবে, লেবু, কাটিবার সময় মনে মনে বলিবে, অমুকের প্লীহা কাটিতেছি। রোগীর নাম উল্লেখ করিতে হইবে। তৎপরে লেবুটি উনানের উপর টাঙ্গাইয়া রাখিবে, যতই লেবুটি শুষ্ক হইয়া যাইবে, ততই খোদার ফজলে প্লীহা কমিয়া যাইবে।

আয়াতটি এই—

قَالَتْ يٰۤاَيُّهَا الْمَلَؤُا اِنِّيْۤ اُلْقِيَ اِلَيَّ كِتٰبٌ كَرِيْمٌ ☆ اِنَّهٗ مِنْ سُلَيْمٰنَ وَاِنَّهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۙ اَلَّا تَعْلُوْا عَلَيَّ وَاْتُوْنِيْ

مُسْلِمِيْنَ ع قَالَتْ يَا اَيُّهَا الْمَلَؤُا اَفْتُوْنِىْ فِىْٓ اَمْرِىْ ج مَا كُنْتُ قَاطِعَةً اَمْرًا حَتّٰى تَشْهَدُوْنِ ☆

"কালাৎ ইয়া আইয়োহাল মালায়ো ইন্নি ওলকিয়া এলাইইয়া কেতাবোন কারিম। ইন্নাহু মিন ছোলায়মানা অইন্নাহু বিছমিল্লাহের রাহমানের রহিম, আল্লা তা'লু অলাইইয়া-অতুনী মুছলেমিন। কালাৎ ইয়া-আইয়োলহাল মালায়ো আফতুনী ফী আমরী, কুন্তো কা'তেয়া'তান আমরান হাত্তা তাশহাদুন।"

২। মৃত্তিকা নিম্নোক্ত প্রকার নক্‌শা করিয়া নিম্নলিখিত আয়ত পড়িয়া ছুরির উপর ফুক দিয়া অমুকের প্লীহা কাটিতেছি নিয়ত করিয়া ছুরির দ্বারা মৃত্তিকা কাটীবে, প্রথমে সাতবার পড়িয়া প্রত্যেক বারে সোজা লাইনে কাটিবে, মধ্যম সাতবারে প্রত্যেক বারে বাঁকা লাইনে কাটিবে। শেষ সাতবারেও ঐরূপ বাঁকা লাইনে কাটীবে। অমুকের স্থলে রোগীর নাম লইবে। আল্লাহ তায়ালার ফজলে প্লীহা দমন হইয়া যাইবে।

নক্‌শাটি এই —

আয়াতটি এই —

وَاِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادّٰرَءْتُمْ فِيْهَا ط وَاللّٰهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُوْنَ ☆

"অইজ কাতালতোম নাফছান, ফাদ্দারাতোম ফিহা, অল্লাহো মুখরেজোম মাকুন্তুম তাকতুমুন।

৩। নিম্নোক্ত তাবিজটি প্লীহার উপর বাঁধিয়া রাখিবে —

ان اللّٰه يمسك السمٰوٰت و الا رض ان تزولا ج ولئن زالتا

ان امسكهما من احد من بعده ط انه كان حليما غفورا☆

২৪। স্মরণশক্তি ও মেধাবীশক্তি বেশী হইবার তদ্‌বীর

১। নিম্নোক্ত দোওয়া ফজর ও মগরেবে ১১ বার পড়িবে।

اَلرَّحْمٰنُ ، عَلَّمَ الْقُرْاٰنَ ، خَلَقَ الْاِ نْسَانَ ، عَلَّمَهُ الْبَيَانَ ☆

"আর্‌রহমানো আল্লামাল কোরআনা খালাকাল ইনছানা আল্লামাহোল বায়ান।

২। নিম্নোক্ত দোওয়া ১১ বার ফজর ও মগরেবে পড়িবে—

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ ج خَلَقَ الْاِ نْسَانَ مِنْ عَلَقٍ ج اِقْرَاْ

وَ رَبُّكَ الْاَ كْرَمُ ، الَّذِىْ عَلَّمَ بِا لْقَلَمِ ، عَلَّمَ الْاِ نْسَانَ مَا لَمْ يَعْلَمْ ط

'একরাঃ বেছমে রাব্বিকাল লাজি খালাক। খালাকাল ইন-ছানা মিন আ'লাক। একরাঃ অরাব্বোকাল আকরামূল লাজি আল্লামা বিল-কালাম, আল্লামাল ইনছানা মা-লাম ইয়া'লাম।"

৩। নিম্নোক্ত দোওয়া ফজর ও মগরেবে তিন তিনবার পড়িবে—

اَللّٰهُمَّ اَخْرِجْنَا مِنْ ظُلُمَاتِ الْوَهْمِ وَ اَكْرِمْنَا بِنُوْرِ الْفَهْمِ وَ افْتَحْ

عَلَيْنَا اَبْوَا بَ فَضْلِكَ وَ يَسِّرْ عَلَيْنَا خَزَا ئِنَ عِلْمِكَ سُبْحٰنَكَ لَا

عِلْمَ لَنَآ اِلَّا مَا عَلَّمْتَنَا اِنَّكَ اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ☆

"আল্লাহুম্মা আখরেজনা মেন জোলোমাতেল অহমে, অ-আকরেমনা বেনুরেল ফাহেম অফতাহ আলায়না আবওয়াবা ফাদলেকা অইয়াছছের আ'লায়না খাজায়েনা এ'লমেকা, ছোব হানাকা লা এ'লমা লানা ইল্লা মা আ'ল্লামতানা ইন্নাকা আন্তাল আ'লিমোল হাকিম।"

৪। নিম্নোক্ত দোওয়া ফজর ও মগরেবে তিন তিনবার পড়িবে —

اَللّٰهُمَّ ارْزُقْنَا فَهْمَ النَّبِيِّنَ وَ حِفْظَ الْمُرْسَلِيْنَ وَ اِلْهَامَ الْمَلَائِكَةِ الْمُقَرَّبِيْنَ وَاجْعَلْنَا مِنَ الشُّهَدَاءِ وَ الصَّالِحِيْنَ بِرَحْمَتِكَ يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ ☆

"আল্লাহুম্মার জোকনা ফাহমান নাবিয়্যিনা, অহেফজাল মোরছালিনা, অ ইলহামাল মালায়েকাতেল নোকার্‌রাবিন অজ্‌য়া'লনা মেনাশ শোহাদায়ে অছছালিহিনা, বেরাহমাতেকা ইয়া আরহামার রাহেমিন।"

২৫। কুকুরে কামড়াইলে উহার বিষ নষ্ট হওয়ার তদ্‌বীর

১। নিম্নোক্ত আয়াত ৪০ খানা রুটিতে লিখিয়া প্রত্যেক দিবস একখানি রুটি খইতে দিবে —

انهم يكيدون كيدا واكيد كيدا فمهل الكفرين امهلهم رويدا

২। কুকুরে কামড়াইবার তিন দিবস পরে নিম্নোক্ত দোওয়াটি লবণের উপর সাতবার পড়িয়া প্রত্যেক বারে ফুক দিবে। যে পরিমাণ লবণ তিন দিবসে খাওয়া যায়, তাহাই লইয়া দোওয়া পড়িবে। দোওয়া পড়ার পরে যদি কুকুরের লোম উহাতে পাওয়া যায়, তবে বাছিয়া ফেলিয়া দিবে, রোগী প্রভাতে খালিপেটে তিন দিবস উক্ত লবণগুলি খাইয়া ফেলিবে। এই তদ্‌বীরটি বহুবার পরীক্ষিত হইয়াছে।

আয়াতটি এই-

انهم يكيدون كيدا واكيد كيدا فمهل الكفرين امهلهم رويدا

'ইন্নাহুম ইয়াকিদূনা কায়দাঁও আকিদো কায়দা, ফামাহ হিলিল কাফেরিনা, আমহেলহুম রোওয়ায়দা।

৩। মাওলানা ইছহাক দেহলবি বলিয়াছেন—

এক খণ্ড বানাত কাপড় গুড়ের মধ্যে করিয়া খাইলে, কুকুরের বিষ ভস্ম হইয়া যায়।

২৬। বসন্ত (গুটি) রোগের তদ্‌বীর

১। বসন্ত রোগ শরীরে দেখা গেলে, কয়েক তার নীল সুতা লইয়া ছুরা রহমানের- فَبِاَیِّ اٰلَاۤءِ رَبِّکُمَا تُکَذِّ بٰنِ

"ফাবে আইয়ে আলায়ে রাব্বিকুমা -তুকাজ্জেবান" পর্য্যন্ত পৌছালে ফুক দিয়া এক গিরা দিবে, এইরূপ উক্ত ছুরা শেষ হইতে হইতে উক্ত আয়াত ৩১ বার পড়িয়া ৩১ টি ফুক দিবে এবং ৩১ টি গিরা দিতে হইবে, তৎপরে উক্ত সুতা রোগীর গলায় বাধিয়া দিবে। এই সুতা সুস্থ ব্যক্তির গলায় বাধিয়া দিলে, সে ব্যক্তি উক্ত রোগ হইতে রক্ষা পাইবে।

তফছিরে আজিজির ৬৬ পৃষ্ঠায় লিখিত আছে;—

যে ব্যক্তির বসন্ত রোগ হওয়ার আশঙ্কা হয়, প্রভাতে তাহার নিকট একজন কারী তরতীল (কেরাতের ফায়দা) সহ ছুরা বাকারা শেষ পর্য্যন্ত পাঠ করিয়া তাহার শরীরে ফুক দিবে, উহা পাঠ আরম্ভ করার সময় আড়াই পোওয়া চাউলের ভাত ও যে পরিমাণ চিনি ও দধির আবশ্যক হয়, তাহা একজন দরিদ্রকে তাহার সাক্ষাতে খাইতে দিবে। দরিদ্র ক্রমান্বয়ে ধীরে ধীরে খাইতে থাকিবে এবং কারী ছুরা পাঠ শেষ করিবে। যাহার জন্য এই তদ্‌বীর করা হইবে এবং তিনি উক্ত ছুরা পড়িবে, তাহারা উভয়ে যেন কিছু না খাইয়া খালি পেটে ইহা করেন। আল্লাহ তায়ালার মর্জ্জিতে সে ব্যক্তি বসন্ত রোগ হইতে মুক্তি পাইবেন, আর যদি উক্ত রোগ হয়, তবু উহা অতি সামান্য হইবে। ইহা বহুবার পরীক্ষিত হইয়াছে। দরিদ্র ব্যক্তি অবশিষ্ট ভাতগুলি কোন ময়দানে নিক্ষেপ করিয়া আসিবে।

৩। নিম্নোক্ত নকশাটি গলায় বাঁধিবে;—

২৭। কলেরা হায়েজা রোগের তদ্‌বীর

১। নিম্নোক্ত তাবিজ প্রত্যেকে ধারণ করিবে ও দরজায় লাগাইয়া দিবে -

لی خمسة اطفی اللّٰه بها حر الو باء الحا طمة

المصطفی و المر تضی و ابنا هما و الفاطمة

২। নিম্নোক্ত তাবিজ প্রত্যেকে ধারণ করিবে —

بسم اللّٰه الرحمن الرحيم

الٰهی بحرمت محمد صادق اکابر اولیا
ابن امام ربانی احمد سرهندی مجدد
الف ثانی از شروبا وطاعون و شر بلای
نا گهانی فلان را محفوظ دار امین ثم امین

৩। ১৪ শত বার — ☆ سَلَامٌ قَوْلًا مِّنْ رَّبٍّ رَّحِيْمٍ

“ছালামোন কাওলাম মেরাব্বের রহিম এই আয়াত পড়িয়া পানিতে ফুক দিয়া প্রত্যেককে তিন দিবস পান করিতে দিবে।

৪। সরিষার তৈলের উপর আয়াতে কোতব পড়িয়া ফুক দিয়া উক্ত তৈল তিন ফোঁটা একটু পানিতে মিশ্রিত করিয়া রোগীকে পান করাইবে।

৫। আবে রমহত কিম্বা আবে-কারামত পান করাইবে।

প্রথম দোওয়াখানি-

৬। যে গ্রামে বহু লোক কলেরাতে নষ্ট হইতেছে, সেই স্থানে সমস্ত পুরুষ লোক কোন মছজিদ, দহলিজ বা কোন পাক স্থানে সম বেত হইয়া নিমোক্ত দোওয়াগুলি পাঠ করিববে—

اَسْتَغْفِرُ اللّٰهَ رَبِّىْ مِنْ كُلِّ ذَنْبٍ وَّاَتُوْبُ اِلَيْهِ ☆

(ক) "আছ্‌তাগফেরোল্লাহা রাব্বি মেনকুল্লে জামবেঁও অ-আতুবো এলায়হে" ১ হাজার হইতে ৫ হাজার বার।

لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ☆

(খ) লাহাওলা অ-লাকুওয়াতা ইল্লা বিল্লাহ - ৫০০ বার।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّ عَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ بِعَدَدِ كُلِّ دَاءٍ وَّ دَوَاءٍ ☆

(গ) আল্লাহোম্মা ছাল্লে আ'লা ছাইয়েদেনা মোহাম্মাদেঁও অ-আলা আলে ছাইয়েদেনা মোহাম্মাদেন বে-আদাদে কুল্লে দা-য়েওঁ অ-দাওয়াএন- ২০০ বার।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّ عَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ بِعَدَدِ كُلِّ عِلَّةٍ وَّ شِفَاءٍ ☆

(ঘ) আল্লাহোম্মা ছাল্লে আ'লা ছাইয়েদেনা মোহাম্মাদেঁও অ-আলা আলে ছাইয়েদেনা মোহাম্মাদেন বে-আদাদে কুল্লে এ'ল্লাতেঁও অ-শেফায়েন- ২০০ বার।

لِىْ خَمْسَةٌ اُطْفِىَ اللّٰهُ بِهَا حَرَّ الْوَبَاءِ الْحَاطِمَةِ اَلْمُصْطَفٰى وَ الْمُرْتَضٰى وَ اَبْنَا هُمَا وَ الْفَاطِمَةُ ☆

(ঙ) লি খামছাতোন আৎফিইয়াল্লাহোবেহা হার্রাল অবা-এল হাতেমাহ্। আল মোস্তাফা, অলমোরতাদা অবনাহোমা অল- ফাতেমাহ- ২০০ বার।

নিজেরা তওবা করিয়া নামাজ পড়িবে ও স্ত্রীলোদিগকে নামাজ পড়াইবে ও এস্তেগফার করিতে বলিবে।

দ্বিতীয় দোওয়াখানি

৭।একজন কারী সকলকে এস্তেগফার পড়াইয়া নিমোক্ত দোওয়াখানি করিবে। ছুরা ইয়াছিন ৩ বার ছুরা রহমান ৩ বার, ছুরা মোল্‌কো ৩ বার, ছুরা হাদিদ ৩ বার,

ছুরা মোজ্জাম্মেল ৪০ বার, ছুরা তাগাবোন ৪০ বার, উহা পাঠ করা শেষ হইলে পানিতে ফুক দিয়া সকলকে পান করাইবে এবং বালা দূর হওয়ার দোওয়া করিবে।

৮। খতমে -খাজাগান ও খতমে-কাদেরিয়া এসম্বন্ধে মহাফলপ্রদ।

২৮। বদনজরের দফা হওয়ার তদ্‌বীর

মনুষ্যের চক্ষে এক প্রকার বিষ আছে , সময় সময় উহা প্রকাশ হইয়া থাকে। সুন্দর রূপবান শিশু সন্তান বা বালকের উপর দৃষ্টিপাত করিলে উক্ত বিষ সংক্রামিত হইয়া তাহার ব্যধির সৃষ্টি করে, ইহাকে বদনজর বলা হয়। এইরূপ ফলকর বৃক্ষের বা দুগ্ধবতী গাভীর উপর বদনজর হইলে ফল ও দুধ কম হইয়া যায়।

মেশকাতের ৩৯৯ পৃষ্ঠায় লিখিত আছে —

হোনায়ফের পুত্র ছহল গোছল করিতেছিল এমতাবস্থায় আমের বেনে রাবিয়া বলিল, কোন কুমারী বালিকার চর্ম্মোকেও এরূপ কোমল ও সৌন্দর্য্যশালী দেখি নাই। ইহা বলা মাত্র ছহল মুর্চ্ছা প্রাপ্ত হইয়া ভূতলশায়ী হইল। একজন লোক হজরতের নিকট উপস্থিত হইয়া বলিল, ছহল অচৈতন্য অবস্থায় রহিয়াছে, আপনি উহার তদ্‌বীর করিবেন কি? হজরত বলিলেন,(এই বদনজর করা সম্বন্ধে) তোমাদের কাহারও প্রতি সন্দেহ হয় কি? তাহারা বলিলেন, আমরা আমেরের উপর সন্দেহ করি। তখন হজরত (ছাঃ) আমেরকে ডাকিয়া তিরস্কাক করিয়া বলিলেন, কি জন্য একজন লোক নিজের ভ্রাতার প্রাণনাশ করে? কেন তাহাকে দেখিয়া—

☆ بَارَكَ اللّٰهُ عَلَيْكَ

“বারাকাল্লাহু আলায়কা” বলিলেন না? তুমি গোছল করিয়া পানি দাও। তখন আমের সর্ব্বাঙ্গ ধৌত করিয়া একটি পাত্রে করিয়া পানি দিয়া দিল। তাহারা উক্ত পানি লইয়া তাহার শরীরে ছিটা দেওয়া মাত্র সেই ব্যক্তি সম্পূর্ণ আরোগ্য লাভ করিল।

উপরোক্ত হাদিছে বুঝা যায় যে, কোন বালক, ফলকর বৃক্ষ ও দুগ্ধবতী গাভী নজরে ভাল বোধ হইলে, ‘‘বারাকাল্লাহে আলায়কা’ বলিতে হয় ইহাতে বদনজর লাগিতে পারে না। যদি বদনজরকারী কোন ব্যক্তি, ইহা জানিতে পারা যায়, তবে নিমোক্ত দুইটি তদ্‌বীর করিলে উহার ক্রিয়া নষ্ট হইয়া যাইবে।

১। বদনজকারীরর সর্ব্বাঙ্গ ধৌত করিয়া একটি বড় পাত্রে ধরিয়া বদনজর গ্রস্থ লোকের শরীরে ছিটা দিবে।

২। বদনজরকারীর নাম ধরিয়া "হে অমুক" বলিয়া ডাকিলেই বদনজর বাতীল হইয়া যাইবে।

আর যদি কোন ব্যক্তি দ্বারা বদনজর হইয়াছে তাহা জানা না যায়, তবে নিম্নোক্ত প্রকার তদ্‌বীর করিবে —

৩। ছুরির দ্বারা মৃত্তিকায় একটি গোলাকার রেখা টানিবে তৎপরে একবার আয়তুল- কুরছি ও নিমোক্ত আয়াতগুলি ও দোয়াটি পড়িয়া ছুরি খানা উক্ত দায়রায় (বৃত্তের) মধ্যস্থলে গাড়িয়া দিয়া বলিবে, আমি এই ছুরিটি বদনজরকারী পুরুষ কিম্বা বদনজরকারিণী স্ত্রীলোকের হৃৎপিণ্ডে বসাইয়া দিলাম। তৎপরে একখানা বাসনের নীচে ছুরিটি ঢাকিয়া রাখিবে, ইহাতে বদনজর বাতীল হইবে।

আয়াতটি এই —

وَقُلْ جَآءَ الْحَقُّ وَ زَهَقَ الْبَاطِلُ ط اِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوْقًا ☆

